দৈনিক জনকণ্ঠ

MAY 20 2002

MAY 25 2002

তারিখ ...

পৃষ্ঠা ৭ কলাম ১

# শিক্ষা প্রতিষ্ঠানের এম

**জনকণ্ঠ রিপোর্ট ॥** বর্তমান সরকার ক্ষমতায় আসার পর শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম এমপিওভুক্তি নিয়ে তুলকালাম কাণ্ড শুরু হয়েছে। প্রতিষ্ঠান নির্বাচনে সংসদ সদস্যদের বিরোধের জের ধরে গত মাসে এমপিওভুক্ত ৮৫২টি প্রতিষ্ঠানের এমপিওভুক্তি মাস না যেতেই বাতিল করা হয়েছে। নতুন করে আবার এমপিওভুক্ত করা হয়েছে ৭৩১টি প্রতিষ্ঠানকে। এসব প্রতিষ্ঠানের এমপিওভুক্তি শেষ পর্যন্ত কার্যকর হবে কিনা তা নিয়ে সংশ্লিষ্ট প্রায় ১০ সহস্রাধিক শিক্ষকের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। বর্তমান সরকার ক্ষমতায়

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## ৮৫২ প্রতিষ্ঠানের তালিকা বাতিল করে ৭৩১টি নিয়ে নয়া তালিকা

## শিক্ষা প্রতিষ্ঠানের

(প্রথম পাতার পর)

আসার পর গত এপ্রিল মাসের ২২ তারিখ প্রথম ৮৫২টি স্কুল, মাদ্রাসা ও কলেজকে এমপিওভুক্ত করে। এর মধ্যে অনেক প্রতিষ্ঠানে স্তর পরিবর্তনও ছিল। এসব প্রতিষ্ঠানের শিক্ষকদের সকল কাগজপত্র ৪ মের মধ্যে জেলা শিক্ষা কর্মকর্তার স্বাক্ষরসহ বেনবেইজে পাঠাতে বলা হয়। কিন্তু এর মধ্যে এমপিওভুক্তির তালিকা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন সংসদ সদস্যরা। তাঁরা শিক্ষা মন্ত্রণালয়ে গিয়ে তালিকানুযায়ী এমপিওভুক্ত না করতে কর্মকর্তাদের সঙ্গে বাকবিতণ্ডায় লিপ্ত হন। এক পর্যায়ে অবস্থা এমন দাঁড়ায় যে, শিক্ষা মন্ত্রণালয় থেকে এমপিওভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। এর মধ্যে মৌখিকভাবে ৮৫২টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার আদেশ স্থগিত ঘোষণা করা হয়।

জানা গেছে, স্থগিত নয়, এমপিওভুক্তির পূর্বের আদেশ ইতোমধ্যে বাতিল করা হয়েছে। এই সময়ের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের কয়েক কর্মকর্তা সংসদ সদস্য ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। তাঁরা মোটামুটি একটি তালিকাও তৈরি করেন। কিন্তু এই তালিকায় এমন সব প্রতিষ্ঠানেরও নাম অন্তর্ভুক্ত হয়েছে, যা এখনও স্বীকৃতিই পায়নি। এমনকি ইতোপূর্বে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নামও চলে এসেছে তালিকায়।

গত ৯ মে ৭৩১টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছে। এসব প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২৩ মের মধ্যে বেনবেইজে পাঠাতে বলা হয়েছে। শিক্ষা ভবন সূত্র জানায়, এমপিওভুক্ত কলেজে-২০, দাখিল মাদ্রাসায়-১৬, উচ্চ বিদ্যালয়ে-১০ এবং জুনিয়র স্কুলের-৭ শিক্ষক সরকারী বেতনের অংশ পাবেন। সে হিসাবে ১০ হাজারের বেশি শিক্ষক উপকৃত হবেন। নতুন এমপিওভুক্তি নিয়ে ইতোমধ্যে প্রশ্ন উঠতে শুরু করেছে। এখন পর্যন্ত স্বীকৃতি না পেলেও কুমিল্লার হোমনা উপজেলার খাদিজা মেমোরিয়াল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে এমপিওভুক্ত করা হয়েছে। আবার ইতোপূর্বে এমপিওভুক্ত হলেও নতুন তালিকায় নাম উঠেছে পীরেরবাগ আমীন উদ্দিন হাই স্কুলের।

জানা গেছে, এই তালিকা নিয়েও অনেক সংসদ সদস্যের মধ্যে ক্ষোভ চলছে। এই তালিকাও বাতিলের আশঙ্কা করছেন অনেকে।

---

ভবিষ্যতই এখন অনিশ্চয়তার মুখোমুখি। সরকারী হয়রানিমূলক ভূমিকার কারণে সংশ্লিষ্ট এনজিও প্রতিষ্ঠানসমূহের দাতা দেশ-সংস্থাগুলোও এখন উদ্বিগ্ন-বিরক্ত। কারণ এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী অভিযোগ-বক্তব্যের সঙ্গে তাঁরা একমত নন। একাধিক রাষ্ট্রদূত এর মাঝে সরকারের দায়িত্বশীল মন্ত্রীদের সঙ্গে দেখা করে এ ব্যাপারে তাঁদের উদ্বেগের কথা জানিয়ে বলেছেন, আমরা নানা হিসাব-নিকাশ করে সাহায্য দিই, সাহায্যের প্রতিটি পয়সা খরচের নিজস্ব ভিত্তিতে মাধ্যমে হিসাব নিই। কাজেই রাজনৈতিক কারণে হয়রানিমূলক এসব তৎপরতা বন্ধ করা উচিত। এসব বিষয়ে দাতা দেশ-সংস্থার লিখিত বক্তব্যের অনুলিপিও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে দেয়া হয়েছে। জোট সরকার

কাছে
আই
পূর্ব
উপা
মওদু
আই
সমব
নবিবা
হলে
ইসলা